



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-

তারিখ:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : হইজোড় শান্তিপুর ছবেদ আলী মজির উদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
ডাক: শান্তিপুর, উপজেলা: সাঁথিয়া, জেলা: পাবনা।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ তারিখ: ৩০/১০/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩/০৩/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত বিদ্যালয় মঞ্জুরী কমিটির ২য় সভার সিদ্ধান্ত এবং ১৮/০৩/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত ২৪৯ তম বোর্ড সভার অনুমোদিত সিদ্ধান্ত মোতাবেক পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন ' হইজোড় শান্তিপুর ছবেদ আলী মজির উদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ' টিতে ২৫/০৬/২০২৩খ্রি: তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মানবিক ও বিজ্ঞান সহ মাধ্যমিক (নবম ও দশম) পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

মাধ্যমিক পর্যায়ে পাঠিত বিভাগ ও বিষয় সমূহ

আবশ্যিক: সকল শাখার জন্য : বাংলা, ইংরেজি, গণিত, ধর্ম ও নৈতিক শিক্ষা (ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

মানবিক আবশ্যিক : বঙ্গলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, ভূগোল ও পরিবেশ, অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, বিজ্ঞান

মানবিক ঐচ্ছিক : অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা।

বিজ্ঞান আবশ্যিক : পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান/উচ্চতর গণিত, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়।

বিজ্ঞান ঐচ্ছিক : জীববিজ্ঞান/উচ্চতর গণিত।

ধারাবাহিক মূল্যায়ন : শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, ক্যারিয়ার শিক্ষা

শর্তসমূহ:

- কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
- ৩০/১০/২০২২ তারিখের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের বিধি মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করে বোর্ডে দাখিল করতে হবে।
- নিবন্ধন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের জন্য অত্র বোর্ডের বিদ্যালয় নিবন্ধন শাখায় যোগাযোগ করতে হবে।
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- বিদ্যালয় প্রাঙ্গণে ফলজ বৃক্ষ রোপন করতে হবে।
- বিদ্যালয়টির সীমানা প্রাচীর দিতে হবে।
- প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীর বেতন ভাতাদি পরিশোধ করতে হবে।
- সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
- শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে চাঁদা আদায় করা যাবে না।
- অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করে প্রতিষ্ঠানের ফান্ডে জমা দিয়ে তা প্রতিষ্ঠানের উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং খরচকৃত অর্থের নীরিক্ষা করতে হবে।
- শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তহরুপ সঞ্চয় কোন অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মহা: জিয়াউল হক
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

তারিখ: ২৫/১০/২৩

স্মারক নং- ৪/AM/৪২/২২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- মহা-পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী শিক্ষা বোর্ড।
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড।
- অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা
- উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড।
- জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
- অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)